অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস নিউ ইয়র্ক সিটিজুড়ে কমবয়সীদের দলীয় ক্রীড়ার সমর্থনে 4.2 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

এটি গভর্নর হোকলের স্টেটব্যাপী "অফলাইনে যাও, বাইরে যাও" ক্যাম্পেইনের অংশ যা শিশুদেরকে এই গ্রীষ্মকালে তাদের ফোন রেখে দিয়ে ঘরের বাইরের কর্মকাণ্ড উপভোগ করতে উৎসাহিত করে

নিউ ইয়র্ক সিটির গ্রীষ্মকালীন সকল আয়োজন উদযাপন করতে মেয়র অ্যাডামসের "সম্ভাবনার গ্রীষ্মকালের" অংশ

গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস এবং নিউ ইয়র্ক সিটি ইয়ুথ ও কমিউনিটি ডেভেলপমেন্ট বিভাগের (Department of Youth and Community Development, DYCD) কমিশনার কীথ হাওয়ার্ড আজকে ঘোষণা করলেন যে পুরো সিটিতে কমবয়সীদের দলীয় ক্রীড়া (Youth Team Sports) কর্মসূচি, ক্রীড়া শিক্ষা, এবং অ্যাথলেটিক সরঞ্জাম হালনাগাদ করার জন্য 4.2 মিলিয়ন মার্কিন ডলার স্টেট অনুদান প্রদান করা হবে। আনুমানিক 2.3 মিলিয়ন মার্কিন ডলার ইতিমধ্যে বিতরণ করা হয়েছে এবং এই গ্রীষ্মকালে 41টি অতিরিক্ত সম্প্রদায়ভিত্তিক সংগঠন (community-based organization, CBO), যাদের অধিকাংশের সিটির সাথে বিদ্যমান চুক্তি নেই, তাদেরকে সমর্থন করার জন্য আরো 1.9 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে। তহবিলটি ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত এলাকাকে অগ্রাধিকার প্রদান করে, যার মধ্যে রয়েছে সম্প্রদায়ের নিরাপত্তার একটি নীলনকশার (A Blueprint for Community Safety) সনাক্ত করা অগ্রাধিকারপ্রাপ্ত ছয়টি নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, NYPD) প্রিসিংক্ট, নীলনকশাটি পাঁচটি বরোজুড়ে বন্দুক সহিংসতাকে সমূলে সমাধান করার একটি অগ্রগামী চিন্তার রোডম্যাপ। প্রদানকারীদের মধ্যে, সতেরটি মেয়েদের দলীয় ক্রীড়াকে, পাঁচটি ননবাইনারি হিসেবে সনাক্ত হওয়া কমবয়সীদের জন্য, এবং 19টি বিশেষ চাহিদাসম্পন্ন কমবয়সীদের প্রদান করবে।

"পুরো নিউ ইয়র্ক সিটিতে আমাদের কমবয়সী মানুষকে তাদের ফোন রেখে দিয়ে কমবয়সীদের দলীয় ক্রীড়াতে সক্রিয় হওয়া আমরা সহজতর করছি," **গভর্নর হোকল বলেন।** "মেয়র অ্যাডামসের সমর্থন নিয়ে এই গ্রীষ্মকালে আরো বেশি কমবয়সী নিউ ইয়র্কবাসীর অফলাইনে যাওয়া, বাইরে যাওয়া, এবং সিটির সকল আয়োজন উপভোগ করতে দেখার জন্য আমি উন্মুখ।"

আজকের ঘোষণাটি হলো গভর্নর হোকলের "অফলাইনে যাও, বাইরে যাও (Get Offline, Get Outside)" ক্যাম্পেইনের অংশ, যা নিউ ইয়র্কের শিশু ও পরিবারকে তাদের ফোন ও কম্পিউটার

রেখে দিতে, সোশ্যাল মিডিয়া থেকে একটি বিরতি নিতে, এবং বিনোদন ও ঘরের বাইরের সামাজিক জমায়েতে উপভোগ করতে সাহায্য করার মাধ্যমে শারীরিক ও মানসিক স্বাস্থ্যের প্রসার করবে। এছাড়াও এটি মেয়র অ্যাডামসের "সম্ভাবনার গ্রীষ্মকালের (Summer of Possibility)" অংশ, এটি এমন একটি সময় নিউ ইয়র্ক সিটির সকল গ্রীষ্মকালীন আয়োজনের উদযাপন যখন অপরাধ কম, চাকরির সংখ্যা বেশি, এবং অ্যাডামস প্রশাসন দায়িত্ব গ্রহণ করার পূর্বের সময়ের তুলনায় সিটি আরো বেশি বসবাসযোগ্য।

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "ক্রীড়া শুধুই একটি মজার কাজ নয়; এটি গ্রীষ্মকালীন দিনগুলিতে আমাদের কমবয়সী মানুষদের দলগত কাজ, সহযোগিতা, এবং নেতৃত্ব সম্পর্কে শেখার একটি নিরাপদ স্থান প্রদান করে। এই বহু মিলিয়ন মার্কিন ডলারের স্টেট অনুদানের কারণে, সমর্থনের প্রয়োজন যেসব এলাকার সবথেকে বেশি তারা 40টির বেশি সম্প্রদায়ভিত্তিক সংগঠনকে প্রদত্ত অতি গুরুত্বপূর্ণ এই বিনিয়োগ পাওয়ার ক্ষেত্রে সম্মুখসারিতে থাকবে। এই গ্রীষ্মকালে আমি আমাদের ভবিষ্যতের অলস্টার এবং চ্যাম্পিয়নদের শুভকামনা জানাচ্ছি, এবং আশা করছি যে সেরা দলটি বিজয়ী হবে।"

নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Services , OCFS) কমিশনার ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন বলেন, "কমবয়সীদের বৃদ্ধি ও বিকাশ উন্নয়ন করে এমন ইতিবাচক সামাজিক কর্মকাণ্ডে তাদের জড়িত করার জন্য ক্রীড়া কার্যকরী। এইসব কমবয়সীদের ক্রীড়া অনুদান নিশ্চিত করতে সাহায্য করবে যাতে সকল কমবয়সীদের কাছে এমন কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ থাকে তা স্বাস্থ্যকর মেলামেশা এবং দলীয় কাজকে উৎসাহিত করে এবং একই সাথে আবেগিক ও শারীরিক স্বাস্থ্য গঠন করে। কমবয়সীদের ক্রীড়া উদ্যোগ সমর্থনের জন্য নিউ ইয়র্ক যে সম্প্রদায়ভিত্তিক অংশীদারদের সাথে জড়িত হচ্ছে তা দেখে আমি অত্যন্ত খুশি।"

নিউ ইয়র্ক সিটি ইয়ুথ এবং কমিউনিটি ডেভেলপমেন্ট বিভাগের কমিশনার কীথ হাওয়ার্ড বলেন, "ব্রঙ্কসে বড় হওয়ার সময় আমার বড় ভাই জিমি জুনিয়রের সাথে এবং কলেজে টুর্নামেন্ট বাস্কেটবল খেলা আমাকে দলীয় ক্রীড়ার মূল্য শিখিয়েছে যা কোর্টের বাইরেও অনেক কাজে আসে। আমি শৃঙ্খলা, অন্যদের সাথে কাজ করা, আত্মবিশ্বাস, এবং নেতা হয়ে উঠার ব্যাপারে শিখতে পেরেছি। পাঁচটি বরোজুড়ে আমাদের সম্প্রদায়ভিত্তিক অংশীদারদের জন্য এইসব স্টেট অনুদান নিশ্চিত করতে এবং কমবয়সী মানুষকে তাদের 'সম্ভাবনার গ্রীষ্মকাল' প্রদান করতে সাহায্য করতে পেরে DYCD গর্বিত। গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, মেয়রের ক্রীড়া, সুস্থতা ও বিনোদন অফিসের (Mayor's Office of Sports, Wellness, and Recreation) পরিচালক জেসমিন রে, সিনেটর জামাল বেইলি, এবং আমাদের 41 জন প্রদানকারীদের সাথে যোগ দিয়ে আমি বলছি: গো টিমস!"

এই তহবিল হলো স্টেটব্যাপী কমবয়সীদের ক্রীড়া কর্মসূচিতে একটি বৃহত্তর বিনিয়োগের অংশ। নিউ ইয়র্ক সিটি শিশু ও পরিবার পরিষেবা অফিসের অধীনে দুইটি অর্থায়নের উৎসজুড়ে মোট 15 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে। নিউ ইয়র্ক সিটিতে, 18 বছরের কমবয়সী মানুষের জন্য যেসব ক্ষেত্রে ক্রীড়া তহবিল সুযোগ তৈরি করবে:

- ঐতিহাসিকভাবে কম সংস্থান পাওয়া সম্প্রদায়।

- যেসব এলাকায় অপরাধ ও সহিংসতার উচ্চতর হার এবং মন্দ ফলাফল করা স্কুল রয়েছে।
- পাবলিক হাউজিং এবং/অথবা পারিবারিক গৃহহীনতার অধিক হার সম্পন্ন সম্প্রদায়।
- প্রান্তিক সম্প্রদায় বা দলীয় ক্রীড়াতে অংশগ্রহণের উচ্চতর প্রতিবন্ধকতাসহ গোষ্ঠী (যেমন অক্ষমতাসহ কমবয়সী; মেয়ে; ট্রান্সজেন্ডার/জেন্ডার নন বাইনারি কমবয়সী; এবং লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, বা কোয়েশ্চেনিং হিসেবে সনাক্ত হওয়া কমবয়সী)।

দলীয় ক্রীড়া এবং কর্মকাণ্ডের মধ্যে রয়েছে ভলিবল, ব্রেকড্যান্সিং, ফুটবল, চিয়ারলিডিং, সাঁতার, ল্যাক্রোস, স্কেটবোর্ডিং, পিকেলবল, বাস্কেটবল, বেজবল, সকার, ক্রিকেট, ফিগার স্কেটিং, গলফ, রেসলিং, জুজিৎসু, এবং বোলিং।

দলীয় ক্রীড়া এবং কর্মকাণ্ডের মধ্যে রয়েছে ভলিবল, ব্রেকড্যান্সিং, ফুটবল, চিয়ারলিডিং, সাঁতার, ল্যাক্রোস, স্কেটবোর্ডিং, পিকেলবল, বাস্কেটবল, বেজবল, সকার, ক্রিকেট, ফিগার স্কেটিং, গলফ, রেসলিং, জুজিৎসু, এবং বোলিং।

নিউ ইয়র্ক সিটি ইয়ুথ এবং কমিউনিটি ডেভেলপমেন্ট বিভাগের মাধ্যমে এই বরাদ্দ বিতরণ করা হচ্ছে।অর্থপ্রাপ্তদের সম্পূর্ণ তালিকা অনলাইনে দেখা যাবে।

স্টেটের সিনেটর জামাল টি বেইলি বলেন, "আমাদের কমবয়সীদের সমর্থন ও প্রতিপালনে গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, এবং NYC ইয়ুথ ও কমিউনিটি ডেভেলপমেন্ট বিভাগের দল যেই নিবেদন, পরিশ্রম, এবং অবিচল প্রতিশ্রুতি প্রদান করেন তার আমি অনেক প্রশংসা করছি। শিশু এবং কমবয়সীদের ক্রীড়ায়, বিশেষ করে আর্থিক চাপ ছাড়া ক্রীড়ায় অংশগ্রহণ করার সুযোগ প্রদান করার ব্যাপারে আমি অত্যন্ত উৎসাহী। আমাদের স্টেটের বাজেটে উপস্থাপন কর্মসূচির মূল বিল স্পন্সর হতে পেরে, এবং দ্বিতীয় বছরের মতো স্টেটব্যাপী একটি কমবয়সীদের ক্রীড়া অনুদান কর্মসূচিতে 10 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করে অবদান রাখতে পেরে আমি গর্বিত। কমবয়সীদের দলীয় ক্রীড়ার বাস্তবায়ন দেখে আমি খুশি, এটি প্রয়োজনীয় সমর্থন প্রদানে অনেক সাহায্য করবে। কমবয়সীদের ক্রীড়া শুধু অ্যাথলেটিক প্রতিযোগিতা নয়, এগুলি দলগত কাজ শেখায় এবং কীভাবে একত্রে আরো বেশি অর্জন করতে হয় তার একটি রোডম্যাপ প্রদান করে যেহেতু জীবন একটি চূড়ান্ত দলীয় ক্রীড়া। অসাধারণ কমবয়সীদের দলীয় ক্রীড়ার মাধ্যমে আমাদের আরো বেশি কমবয়সী মানুষকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করে একটি ভূমিকা পালন করতে পেরে আমি আনন্দিত।"

মেয়রের ক্রীড়া, সুস্থতা ও বিনোদন অফিসের পরিচালক জেসমিন রে বলেন, "15 বছরের বেশি সময় ধরে আমাদের পাবলিক পার্কে ক্রীড়া সক্রিয়তা প্রদান করা একজন হিসেবে আমি নিজের চোখে দেখেছি সম্প্রদায়ভিত্তিক সংগঠনের টিকে থাকা এবং বিকাশের ক্ষেত্রে তহবিল কী অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করে। ঐচ্ছিক তহবিল উদ্যোগের মাধ্যমে সিটি কাউন্সিলের সমর্থন পেয়ে আমি সৌভাগ্যবান, আমার সংগঠনের টিকে থাকা এবং সাফল্যের জন্য এটি অত্যাবশ্যকীয় ছিলো। এই সমর্থনের কারণে মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়ালবল অ্যাসোসিয়েশনের (The United States Wallball Association) প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে আমার দায়িত্বকালে

আমার পক্ষে 2,600 এর বেশি কমবয়সীকে সেবাদান করা সম্ভব হয়েছে। সাধারণ ভাষায় বললে, আমরা যখন খেলাধুলায় বিনিয়োগ করি তখন আমরা আমাদের ভবিষ্যতকে আকৃতিদান করি। ক্রীড়া একটি অপরাধ প্রতিরোধ হাতিয়ার হিসেবে কাজ করে এবং সম্প্রদায় ও দলগত কাজ সম্ভব করে। আমরা সকলেই এর লাভ জানি, এবং এই ব্যাপারে আরো সংস্থান বরাদ্দ করার সময় এসেছে। মেয়র অ্যাডামস, গভর্নর হোকল, এবং DYCD এর এই বিনিয়োগ কমবয়সী মানুষকে, বিশেষ করে উচ্চ ঝুঁকির সম্প্রদায়ের কমবয়সীদের সক্রিয়, স্বাস্থ্যবান, এবং তাদের জীবনের একটি গুরুত্বপূর্ণ সময়ে ইতিবাচকভাবে ব্যস্ত রাখতে আমাদের প্রশাসনের প্রতিশ্রুতির উপর আলোকপাত করে। স্থানীয় CBO বলীয়ান করতে কমিশনার হাওয়ার্ড এবং মেয়র অ্যাডামসের প্রয়াসের পাশে দাঁড়াতে পেরে এবং একে সমর্থন করতে পেরে আমি অত্যন্ত গর্বিত। সাবাস!"

NYPD এর কমিশনার এডওয়ার্ড এ কাবান বলেন, "নিউ ইয়র্ক সিটিতে সহিংসতার মোকাবেলা করার জন্য আমাদের কাছে সেরা যেসব হাতিয়ার রয়েছে তার মধ্যে একটি হলো কমবয়সীদের, বিশেষ করে গ্রীষ্মকালীন গরম মাসগুলিতে যখন ঐতিহাসিকভাবে অপরাধ বৃদ্ধি পায়, তখন তাদের বিনোদনমূলক কর্মকাণ্ডে জড়িত করা। আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখতে এবং প্রত্যেক বরোর প্রত্যেক এলাকায় জীবনযাত্রার মান উন্নত করতে NYPD এর নারী পুরুষের যেই বহু উপায়ে প্রতিদিন কাজ করে তার মধ্যে এটি একটি।"

NYC MOPD এর কমিশনার ক্রিস্টিনা কারি বলেন, "নিজেদের সক্ষমতা নির্বিশেষে প্রত্যেক কমবয়সী মানুষের কাছে দলীয় ক্রীড়া এবং বিনোদনমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করার সুযোগ প্রদান করা হলো অন্তর্ভুক্তির প্রতি আমাদের প্রতিশ্রুতির একটি অংশ। এই অনুদানগুলি শুধু অত্যাবশ্যকীয় সংস্থান প্রদান করবে না বরং এছাড়াও পুরো সিটিতে অক্ষমতাসহ কমবয়সীদের কোথাও অন্তর্গত হবার চেতনা প্রদান করবে। অক্ষমতাসহ কমবয়সীদের জন্য দলীয় ক্রীড়া সমর্থন করার মাধ্যমে আমরা নিউ ইয়র্ক সিটিতে গ্রীষ্মকালীন আয়োজনের যেই পূর্ণ বর্ণালী রয়েছে তাতে অংশগ্রহণ করার তাদের অধিকার স্থাপন করছি।"

NYC প্রধান সমতা কর্মকর্তা এবং NYC মেয়রের সমতা ও বর্ণ সংক্রান্ত ন্যায়বিচার অফিসের (NYC Mayor’s Office of Equity & Racial Justice) কমিশনার সিডিয়া শারম্যান বলেন, "সক্রিয় থাকতে, অর্থপূর্ণ সংযোগ তৈরি করতে, এবং রূপান্তরমূলক নেতৃত্বের দক্ষতা তৈরি করার ক্ষমতা কমবয়সীদের প্রদান করার জন্য দলীয় ক্রীড়া অপরিহার্য। ক্রীড়া এবং বিনোদন কর্মসূচিতে বিনিয়োগ এই গ্রীষ্মকালে কমবয়সীদের তাৎক্ষণিকভাবে প্রভাবিত করবে বলে আমরা অতি আনন্দিত। ঐতিহাসিকভাবে কম সংস্থান পাওয়া এবং প্রান্তিক সম্প্রদায়সমূহকে অগ্রাধিকার প্রদান করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে আরো বেশি কমবয়সী তাদের পরিচিতি বা জিপ কোড নির্বিশেষে সম্ভাবনায় পরিপূর্ণ সক্রিয়, আনন্দঘন গ্রীষ্মকাল উপভোগ করতে পারে।"

গভর্নর হোকল "অফলাইনে যাও, বাইরে যাও" গ্রীষ্মকালীন ক্যাম্পেইন শুরু করেছেন, যা নিউ ইয়র্কের শিশু ও পরিবারকে তাদের ফোন ও কম্পিউটার রেখে দিতে, সোশ্যাল মিডিয়া থেকে একটি বিরতি নিতে, এবং বিনোদন ও ঘরের বাইরের সামাজিক জমায়েতে উপভোগ করতে সাহায্য করার মাধ্যমে শারীরিক ও মানসিক স্বাস্থ্যের প্রসার করবে। এই গ্রীষ্মকালে নিউ ইয়র্ক স্টেটের সুইমিং পুলের এন্ট্রি ফি স্টেট মওকুফ করছে এই ঘোষণা প্রদানের মাধ্যমে গভর্নর হোকল ক্যাম্পেইনটির সূচনা করেন। নিউ ডিলের (New Deal) পর সাঁতারে নিউ ইয়র্কের বৃহত্তম বিনিয়োগ, নিউ ইয়র্ক আরো সাঁতারের জন্য স্টেটব্যাপী বিনিয়োগ (New York Statewide

Investment in More Swimming, NY SWIMS) উদ্যোগের অংশ হিসেবে নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদে সাঁতার কাটার সুযোগ সম্প্রসারণ করার জন্য গভর্নর অর্থবছর 2025 এর বাজেটে 150 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন। নিউ ইয়র্ক স্টেট পার্কসের শতবর্ষ উদযাপন করার অংশ হিসেবে পুরো গ্রীষ্মকালজুড়ে ঘরের বাইরে গিয়ে স্টেট পার্ক সিস্টেমের 100 বছর উদযাপন করার জন্য গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করেছেন। এছাড়াও, গভর্নর সম্প্রতি স্টেট পার্ক, বিনোদনমূলক ফ্যাসিলিটি এবং ঐতিহাসিক সাইটে অ্যাক্সেস বৃদ্ধি করতে সাহায্য করার জন্য বিধিমালায় স্বাক্ষর করেছেন।

সর্বকালের সর্ববৃহৎ সামার স্ট্রিট থেকে শুরু করে উন্মুক্ত রেস্টুরেন্ট কর্মসূচি, সম্প্রসারিত সামার রাইজিং সময়, নতুন কুলিং সেন্টার এবং পুরো সিটিতে পুলে বিনিয়োগ পর্যন্ত বহু কিছু নিয়ে অ্যাডামস প্রশাসন নিশ্চিত করা অব্যাহত রেখেছে যাতে এই বছরটি নিউ ইয়র্ক সিটিতে গ্রীষ্মকাল উপভোগ করার সেরা সময় হয়। বিনামূল্যের সাংস্কৃতিক এবং পার্ক ইভেন্ট, খোলা সৈকত ও পুল, এবং একই সাথে নিয়োগের হল, শিক্ষানবিশি, স্বেচ্ছাসেবার সুযোগ, ইত্যাদি সম্পর্কে আরো তথ্যের জন্য নিউ ইয়র্কবাসীরা সম্ভাবনার গ্রীষ্মকালের ওয়েবসাইট ভিজিট করতে পারবে।

গত বছর সামার স্ট্রিটস কর্মসূচিটি প্রথম বছরের মতো পাঁচটি বরোর প্রতিটিতে সম্পাদিত হয় এবং এতে 500,000 এর বেশি মানুষ হেঁটেছে, দৌড়িয়েছে, সাইকেল চালিয়েছে, বা খেলাধুলা করেছে। এই বছরের কর্মসূচিটি 2008 সালে এর সূচনার পর থেকে একে সবথেকে উচ্চাকাঙ্ক্ষী সংস্করণের প্রতিনিধিত্ব করবে এবং পুরো সিটিজুড়ে সমতার সাথে কর্মসূচির বিস্তার করার প্রতি অব্যাহত মনোযোগ প্রদান করবে। 27 জুলাই থেকে 24 আগস্ট পর্যন্ত পাঁচটি শনিবারের জন্য সামার স্ট্রিটস ফেরত আসবে। পাঁচটি বরোর জন্য গাড়িমুক্ত রুট একই থাকবে, ব্যতিক্রম হলো স্ট্যাটেন আইল্যান্ডে শুরু হতে যাওয়া নতুন রুট। প্রত্যেক রুট সম্পর্কে আরো বিস্তারিত নিচে এবং অনলাইনে পাওয়া যাবে।

মেয়র অ্যাডামস এবং নিউ ইয়র্ক সিটি সাংস্কৃতিক অ্যাফেয়ার্স বিভাগের (New York City Department of Cultural Affairs Commissioner, DCLA) কমিশনার লরি কুমবো একাধিক বিনামূল্যের ইভেন্ট, উৎসব, পারফর্ম্যান্স, এবং অন্যান্য সাংস্কৃতিক কর্মসূচির উপর আলোকপাত করেছেন যা আবহাওয়া উষ্ণতর হতে থাকলে নিউ ইয়র্কবাসীর জন্য উপলভ্য হবে। এই সাংস্কৃতিক কর্মসূচির একটি বড় অংশ নিউ ইয়র্ক সিটির দ্বারা সমর্থিত হচ্ছে যাতে এগুলি বিনামূল্যের, উন্মুক্ত, এবং সকল নিউ ইয়র্কবাসী ও পর্যটকদের জন্য অ্যাক্সেসিবল হতে পারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন